Bangabandhu Sheikh Mujib Medical University
শাহবাগ, ঢাকা।

Web site: www.bsmmu.edu.bd

নং-বিএসএমএমইউ/পনি/ কোর্স পরীক্ষা /জুলাই'২০১৫/ ৯৪৭

তারিখ ঃ ১২-০৪-২০১৫ ইং

# জুলাই'২০১৫ এ অনুষ্ঠিতব্য পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয় ও অধিভূক্ত সকল মেডিক্যাল কলেজ / ডেন্টাল কলেজ/ইন্সটিটিউট এর অধ্যক্ষ / পরিচালক এবং সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আসন্ন জুলাই-২০১৫ ইং সেশনে অনুষ্ঠিতব্য স্নাতকোত্তর কোর্স পরীক্ষায় অংশগ্রহনেচ্ছুক ছাত্র / ছাত্রীদের আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফিস জমা প্রদান সম্পর্কিত যাবতীয় নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো ঃ

| কোর্স | পরীক্ষা শুরুর তারিখ (প্রস্তাবিত) | পরীক্ষার ফিস সহ বিশ্ববিদ্যালয়ে আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখ | সকল পরীক্ষার ফি (অফেরতযোগ্য) জমাদানের হিসাব নম্বর |
|---|---|---|---|
| এমডি, এমএস, এমফিল, এম.এমএড, এমপিএইচ, এমটিএম ও ডিপ্লোমা এবং এমডি. ও এমএস (পুরাতন রেসিডেন্সী প্রোগ্রাম) | ০৭-০৭-২০১৫ ইং (মঙ্গলবার) | আবেদনফরম সংগ্রহের শুরুর তারিখ ঃ ১৬-০৪-২০১৫ ইং (বৃহস্পতিবার)<br>বিলম্ব ফি ছাড়া আবেদন ফরম জমাদানের সর্বশেষ তারিখঃ ১২-০৫-২০১৫ ইং (মঙ্গলবার)<br>বিলম্ব ফি-১২০০/ টাকাসহ আবেদন ফরম জমাদানের সর্বশেষ তারিখ ঃ ১৮-০৫-২০১৫ ইং (সোমবার) | BSMMU Admission, Course Examination & Misc. Fund, A/C No : ০৯৪৭১০১১৪৯৬৯০ পূবালী ব্যাংক লিঃ, শাহবাগ এভিনিউ মডেল শাখা, ঢাকা-১০০০ |

স্নাতকোত্তর কোর্সের বিভিন্ন পর্বের লিখিত, ব্যবহারিক, ক্লিনিক্যাল, মৌখিক ও থিসিস / ডিজার্টেশন পরীক্ষার নির্ধারিত ফিস (অফেরতযোগ্য) ঃ

| নং | কোর্স ও পর্ব | পরীক্ষার আবেদন ফরম ফি | পরীক্ষা ফি | কেন্দ্র ফি | মার্কশীট ফি | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| ০১ | এমডি ও এমএস ১ম/এ ও ২য় পর্ব, এমফিল, এম.এমএড-১ম ও ২য় পর্ব | ২০০/= | ৭,৫০০/= | ১২০০/= | ৫৫০/= | ৯,৪৫০/= |
| ০২ | এমডি ও এমএস ফাইনাল/বি, এমএস-ডেন্টিস্ট্রি ২য় পর্ব (ফাইনাল) এমফিল-ফাইনাল এবং এম.এমএড-থিসিস সহ | ২০০/= | ৮,৭০০/= | ১২০০/= | ৫৫০/= | ১০,৬৫০/= |
| ০৩ | এমপিএইচ (পুরাতন রেগুলেশন) ডিজার্টেশনসহ, এমটিএম ও ডিপ্লোমা | ২০০/= | ৯,০০০/= | ১২০০/= | ৫৫০/= | ১০,৯৫০/= |
| ০৪ | রিটেনশন ফি (প্রতি পর্বের জন্য) | অনিয়মিত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য | | | | ৫০০/= |

## আবেদনপত্র সংগ্রহ ও জমাদানের নিয়মাবলী ঃ

### বিএসএমএমইউ'র পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য

১। পরীক্ষার ফিস উল্লেখিত ব্যাংকে জমা দিয়ে 'জমাদানের রশিদ' প্রর্দশন পূর্বক পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের ১০৫ নং কক্ষ (অফিস কক্ষ) হতে পরীক্ষার আবেদন ফরম সংগ্রহ করতে হবে।

২। ব্যাংকে টাকা জমাদানের রশিদের অপর পৃষ্ঠায় প্রত্যেক পরীক্ষার্থী তাঁর নাম, কোর্স ও পর্ব লিখে আবেদন ফরমের সাথে সংযুক্ত করবেন।

৩। পূরনকৃত আবেদন ফরম ও প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ সংশ্লিষ্ট অনুষদের কোর্স কো-অর্ডিনেটর / কোর্স ডাইরেক্টর ও বিভাগীয় চেয়ারম্যান-এর মাধ্যমে সংশ্লিষ্ট অনুষদের ডীন মহোদয়ের কার্যালয়ে উপরোল্লিখিত নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

৪। এমডি/এমএস-১ম পর্ব পরীক্ষার্থীগণের ক্ষেত্রে বেসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদের কোর্স কো-অর্ডিনেটর /কোর্স ডাইরেক্টর এবং বেসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদের ডীন মহোদয়ের স্বাক্ষর গ্রহন করতে হবে।

৫। বিএসএমএমইউ'র পরীক্ষার্থী'গণ পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোর্স ফি ও টিউশন ফি বাবদ কোন অর্থ অপরিশোধিত আছে কি-না, তা নিশ্চিতকরনের জন্য আবেদন ফরমের নির্ধারিত স্থানে এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কার্যালয়ের ছাড়পত্র গ্রহন করতে হবে।

### অধিভুক্ত সকল মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজ/ ইন্সটিটিউট এর জন্য প্রযোজ্য

পরীক্ষার্থীদের জন্য ঃ

০১। পরীক্ষার আবেদন ফরম স্ব-স্ব অধিভুক্ত মেডিক্যাল কলেজ / ডেন্টাল কলেজ / ইন্সটিটিউট-এর কার্যালয়ে **১৬/০৪/২০১৫ ইং (বৃহস্পতিবার)** তারিখ হতে নির্ধারিত হারে ফি জমা দিয়ে পরীক্ষার্থী'গন সংগ্রহ করতে পারবেন।

০২। পরীক্ষার আবেদন ফরম পূরন করে স্ব-স্ব বিভাগীয় প্রধান ও কোর্স কো-অর্ডিনেটর/কোর্স ডাইরেক্টর এর মাধ্যমে মেডিক্যাল কলেজ / ডেন্টাল কলেজ / ইন্সটিটিউট-এর প্রধানের কার্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবেন।

০৩। পরীক্ষার্থীগণ তাঁদের প্রবেশপত্র স্ব-স্ব মেডিক্যাল কলেজ / ডেন্টাল কলেজ এর অধ্যক্ষ/ ইন্সটিটিউট এর অধ্যক্ষ/পরিচালক-এর কার্যালয় হতে সংগ্রহ করবেন।

মেডিক্যাল কলেজ / ডেন্টাল কলেজ / ইন্সটিটিউট প্রধানের জন্য প্রযোজ্য ঃ পরীক্ষার ফরম যথাযথ ভাবে পূরন করা হয়েছে কিনা তা প্রয়োজনীয় কাগজ পত্রের সংঙ্গে মিলিয়ে বা পরীক্ষা করে দেখার জন্য মেডিক্যাল কলেজ / ডেন্টাল কলেজ এর অধ্যক্ষ মহোদয় / ইন্সটিটিউট এর পরিচালক মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানানো হলো এবং মেডিক্যাল কলেজ / ডেন্টাল কলেজ/ ইন্সটিটিউট কর্তৃক যাচাইকৃত পরীক্ষার ফরম চূড়ান্ত বলে বিবেচিত হবে। পরীক্ষার্থীর ফরমে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর বা অন্য কোন বিষয় বাদ পড়লে অথবা কোন ভুল তথ্য প্রদান করলে বা কোন তথ্য গোপন করলে উক্ত ফরম বাতিল বলে গন্য হবে। প্রতিটি ফরমের সাথে সংযুক্ত কাগজপত্র সমূহ মেডিক্যাল কলেজের অধ্যক্ষ / ডেন্টাল কলেজ / ইন্সটিটিউট-এর অধ্যক্ষ / পরিচালক / কোর্স কো-অর্ডিনেটর / কোর্স ডাইরেক্টর কর্তৃক সত্যায়িত হতে হবে।

### সকল পরীক্ষার্থীর জন্য প্রযোজ্য ঃ

- এমফিল,এমটিএম,এমপিএইচ, ডিপ্লোমা ও এমডি/এমএস (পুরাতন রেসিডেন্সী)-এর বিভিন্ন পর্বের (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স কো-অর্ডিনেটর/কোর্স ডাইরেক্টর, বিভাগীয় চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট অনুষদের ডীন মহোদয়ের স্বাক্ষর গ্রহণ করতে হবে।
- এমডি/এমএস ২য় পর্বের পরীক্ষার্থী'গন এ্যালাইড বিষয়সমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স কো-অর্ডিনেটর/কোর্স ডাইরেক্টর, বিভাগীয় চেয়ারম্যান/প্রধানের স্বাক্ষর এবং সংশ্লিষ্ট অনুষদের ডীন মহোদয়ের স্বাক্ষর নিতে হবে। এ্যালাইড বিষয়সমূহ ব্যতীত অন্যান্য বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান/প্রধান এর স্বাক্ষর এবং সংশ্লিষ্ট অনুষদের ডীন মহোদয়ের স্বাক্ষর নিতে হবে।

*সকল পরীক্ষার্থীর জন্য নিয়মাবলী ঃ*

১) আবেদনপত্র স্বহস্তে কোন প্রকার ঘষা মাজা ছাড়া পূরন করা বাঞ্চনীয়।

২) পরীক্ষার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি আবেদনফর্মে এবং Admit Card এর নির্ধারিত স্থানে লাগাতে হবে।

৩) সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে সর্বশেষ পরীক্ষার মার্কশীট / ফলাফলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। অন্যথায় প্রবেশপত্র ইস্যু করা হবে না।

৪) স্নাতকোত্তর কোর্সে রেজিস্ট্রেশন এবং প্রতিটি পর্বের যোগদানপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

৫) কোন পরীক্ষার্থী এমডি / এমএস / এমফিল কোর্সে ক্যারি-অন-প্রথায় ১ম ও ২য় পর্বে একই শিক্ষাবর্ষে একত্রে পরীক্ষায় অংশগ্রহন করতে চাইলে তাকে প্রতি পর্বের জন্য পৃথক পৃথক আবেদন ফরম পূরন করে কোন কোন পত্রে অবতীর্ন হবেন, তা উল্লেখ করতে হবে। প্রতি পর্বের জন্য পৃথক ভাবে নির্ধারিত ফি (অফেরতযোগ্য) জমা দিতে হবে।

৬) যে সকল পরীক্ষার্থী সরাসরি এমডি / এমএস ফাইনাল পর্বে ভর্তি হয়েছেন, তারা নির্ধারিত ফি এবং প্রাসংগিক নিয়মকানুন অনুসরন করে ২য় পর্বের ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহনের জন্য আবেদন করতে পারবেন। তবে এমডি / এমএস - ২য় পর্বের ১ম পত্রের পরীক্ষা থেকে অব্যাহতির জন্য তাদেরকে পরীক্ষার আবেদন ফরম জমা দেয়ার পূর্বেই রেজিস্ট্রার বরাবর আবেদন করতে হবে। পরীক্ষার আবেদন পত্রের সাথে এফসিপিএস পাশের সনদ এবং ২য় পর্বের ১ম পত্র হতে অব্যাহতি সংক্রান্ত অনুমতি পত্রের সত্যায়িত অনুলিপি অবশ্যই জমা দিতে হবে। পরীক্ষার আবেদন ফরম জমা দেয়ার পরে এফসিপিএস পাশের সনদ ও ২য় পর্বের ১ম পত্রের অব্যাহতি সংক্রান্ত অনুমতি পত্রের অনুলিপি জমা নেয়া হবে না। এ সকল পরীক্ষার্থী সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান ও বেসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদের কোর্স কো-অর্ডিনেটর / কোর্স ডাইরেক্টর ও সংশ্লিষ্ট অনুষদের ডীন মহোদয়ের মাধ্যমে পরীক্ষায় ফরম জমা দিবেন।

৭) সকল এমফিল ফাইনাল (Clinical & Non Clinical) পর্বে অধ্যয়নরত পরীক্ষার্থীগণের থিসিস পরীক্ষায় অংশগ্রহন করতে চাইলে তাদের-কে নির্ধারিত ফি (অফেরতযোগ্য) সহ পরীক্ষার আবেদন ফরম পূরনপূর্বক অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে। তবে, থিসিস সর্বশেষ আগামী <u>৩০ সেপ্টেম্বর- ২০১৫ খ্রীঃ</u> তারিখের মধ্যে জমা দিতে হবে **এবং এই পরীক্ষাসমূহ আগামী <u>৩১ অক্টোবর-২০১৫ খ্রীঃ</u> তারিখের মধ্যে সম্পন্ন হবে।**

৮) সকল স্নাতকোত্তর কোর্সের ফাইনাল পর্বের পরীক্ষার্থীগণ'কে (সকল এমফিল-এর প্রার্থী ব্যতীত) পরীক্ষার আবেদন ফরম জমাকালীন সময়ে **<u>থিসিস / ডিজারটেশন</u>** জমা দিতে হবে।

12.4.2015
**(মোঃ ইফতেখার আলম)**
**পরীক্ষা নিয়ন্ত্রক**

**পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের**
**নতুন টেলিফোন নং ঃ ৫৫১৬৫৬১০,**
**নতুন ফ্যাক্স নং ঃ ৫৫১৬৫৬১১**
**ই-মেইল ঠিকানা :**
**controller@bsmmu.edu.bd**
**bsmmucontroller@gmail.com**

*নং-বিএসএমএমইউ/পনি/কোর্স পরীক্ষা /জুলাই'২০১৫/১৪৭* *তারিখ ঃ ১২-০৪-২০১৫ ইং*

*<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো ঃ</u>*

০১। ডীন, মেডিসিন/সার্জারী/বেসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স / ডেন্টাল / প্রিভেন্টিভ এন্ড সোস্যাল মেডিসিন অনুষদ, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা।
০২। চেয়ারম্যান,.............................বিভাগ, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা।
০৩। অধ্যক্ষ, ঢাকা মেডিক্যাল কলেজ, ঢাকা।
০৪। অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ, মিটফোর্ড, ঢাকা।
০৫। অধ্যক্ষ, ময়মনসিংহ মেডিক্যাল কলেজ, ময়মনসিংহ।
০৬। অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিক্যাল কলেজ, চট্টগ্রাম।
০৭। অধ্যক্ষ, সিলেট এম এ জি ওসমানী মেডিক্যাল কলেজ, সিলেট।
০৮। অধ্যক্ষ, রাজশাহী মেডিক্যাল কলেজ, রাজশাহী।
০৯। অধ্যক্ষ, রংপুর মেডিক্যাল কলেজ, রংপুর।
১০। অধ্যক্ষ, শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ, বরিশাল।
১১। অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজ, বগুড়া।
১২। অধ্যক্ষ, কুমিল্লা মেডিক্যাল কলেজ, কুমিল্লা।
১৩। অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা।
১৪। অধ্যক্ষ, খাজা ইউনূস আলী মেডিক্যাল কলেজ, ডাক ও থানা ঃ এনায়েতপুর শরীফ, পোঃ কোড নং-৬৭৫১, উপজেলা ঃ চৌহালী, সিরাজগঞ্জ।
১৫। পরিচালক, জাতীয় হৃদরোগ ইন্সটিটিউট ও হাসপাতাল, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৬। পরিচালক (একাডেমী), জাতীয় হৃদরোগ ফাউন্ডেশন ও রিসার্চ ইন্সটিটিউট, মিরপুর-২, ঢাকা।
১৭। পরিচালক, ন্যাশনাল ইন্সটিটিউট অব মেন্টাল হেল্থ ও হাসপাতাল, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৮। পরিচালক,ন্যাশনাল ইন্সটিটিউট অব কিডনী ডিজিজেজ এন্ড ইউরোলজী, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৯। পরিচালক, নিটোর, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২০। পরিচালক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইন্সটিটিউট ও হাসপাতাল, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২১। পরিচালক, নিপসম, মহাখালী, ঢাকা।
২২। পরিচালক, সেন্টার ফর মেডিক্যাল এডুকেশন, মহাখালী, ঢাকা।
২৩। পরিচালক, এনআইসিআর এন্ড এইচ, মহাখালী, ঢাকা।
২৪। পরিচালক, আইএনএম এন্ড ইউ (বিএসএমএমইউ ক্যাম্পাস), শাহবাগ, ঢাকা।
২৫। পরিচালক, আইসিএমএইচ, মাতুয়াইল, ঢাকা।
২৬। পরিচালক (একাডেমী ), বিআইএইচএস, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২৭। পরিচালক (একাডেমী), বারডেম, ঢাকা।
২৮। পরিচালক, আইসিএইচ এন্ড শিশু স্বাস্থ্য ফাউন্ডেশন, মিরপুর-২, ঢাকা।
২৯। পরিচালক, লায়নস চক্ষু ইন্সটিটিউট ও হাসপাতাল, আগারগাঁও, ঢাকা।
৩০। পরিচালক, মির্জা আহম্মেদ ইস্পাহানী ইন্সটিটিউট অব অফথালমোলোজী ও ইসলামিয়া চক্ষু হাসপাতাল, ফার্মগেইট, ঢাকা।
৩১। পরিচালক, চট্টগ্রাম মা ও শিশু হসপিটাল ইন্সটিটিউট অব চাইল্ড হেলথ, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৩২। পরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব হেল'থ সাইন্সেস, দারুস সালাম রোড, মিরপুর-১, ঢাকা।
৩৩। পরিচালক, ইন্সটিটিউট অব কমিউনিটি অফথালমোলজী, পাহাড়তলী, চট্টগ্রাম।
৩৪। পরিচালক, এনআইডিসিএইচ, মহাখালী, ঢাকা।

**ক্রমিক নং ..........এ উল্লেখিত অধিভুক্ত মেডিক্যাল কলেজ /ডেন্টাল কলেজ/ইন্সটিটিউট এর অধ্যক্ষ / পরিচালক মহোদয় এর নিকট ...........টি আবেদনপত্র এতদসংগে প্রেরণ করা হলো।**

৩৫। রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩৬। পিএস টু ভাইস-চ্যান্সেলর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩৭। পিএস টু প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক/গবেষণা ও উন্নয়ন) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩৮। পিএস টু কোষাধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
**৩৯। আইটি সেল, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।**
**৪০। ম্যানেজার, পূবালী ব্যাংক লিমিটেড, শাহবাগ এভিনিউ মডেল শাখা, ঢাকা।**
৪১। সকল নোটিশ বোর্ড।
৪২। অফিস কপি।

12.4.2015
**(মোঃ ইফতেখার আলম)**
**পরীক্ষা নিয়ন্ত্রক**